## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ১৮/০১/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২০/১২/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা পরিষদ কয়রা, খুলনা।</td><td>(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা ভূমি অফিসের সামনে পরিত্যক্ত ৩য় শ্রেণির ক্লাবটি জরাজীর্ণ অবস্থায় আছে। যে কোন সময় দুর্ঘটনা হওয়ার সম্ভাবনা রয়েছে। বিধায় জরাজীর্ণ ভবটি অতিদ্রুত অপরসরণ করা প্রয়োজন। সভার সকলে উক্ত জরাজীর্ণ ভবনটি নিলামের মাধ্যমে অপসরণ করার জন্য একমত পোষণ করেন।</td><td>(ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা ভূমি অফিসের সামনে পরিত্যক্ত ৩য় শ্রেণির ক্লাবটি নিলামের মাধ্যমে অপসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, চেয়ারম্যান, বাগালী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনার ২১-১২-২০২৩ খ্রি. তারিখের ১৫৪/২৩-২৪ নং স্মারক পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রে বাগালী ইউনিয়ন পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় ২ নং অনুচ্ছেদে উক্ত পরিষদের পরিত্যক্ত পুরাতন ভবন ও পরিত্যক্ত মোবাইল ওয়াটার টিটমেন্ট প্লান্ট পরিত্যক্ত অবস্থায় আছে। তিনি অপসরণ এবং নিলামে বিক্রয়ের জন্য সভায় উপস্থাপন করেন। সভার সকলে পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য মতামত প্রদান করেন।</td><td>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে বাগালী ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন ও পরিত্যক্ত মোবাইল ওয়াটার টিটমেন্ট প্লান্টটি পরিত্যক্ত পরবর্তী সভায় মতামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>(গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ণ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ডিসেম্বর/২০২৩ মাসে উপজেলা পরিষদ কয়রা, খুলনার খুলনা ঘ ১১-০০০৭ নং জীপ গাড়ীর মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।</td><td>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ী মেরামত ও সার্ভিসিং কাজের ব্যয় বিল বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের নির্দেশনা মোতবেক অতিরিক্ত বরাদ্দ উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা সমূহ পিএমইউ-তে প্রেরণের জন্য অনুমোদনের প্রস্তাব করেন। প্রকল্প নিম্নরূপঃ
<table>
<tr><th>উপ-প্রকল্পের নম্বর</th><th>উপ প্রকল্পের নাম</th><th>উপ প্রকল্পের প্রস্তাবিত বাজেট (VAT ও IT টি ব্যতীত)</th></tr>
<tr><td>INF-2021-22-404753-02</td><td>খাবার পানি সংকট দূরীকরণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেষ্ট প্লান্ট স্থাপন</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>১০,০০,০০০/-</td></tr>
</table></td><td>(ঘ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জিওবি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের নির্দেশনা মোতবেক অতিরিক্ত বরাদ্দ উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন সাব উপ-প্রকল্প প্রস্তাবনা পিএমইউ-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রকল্প সংশ্লিষ্ঠ বিভাগ ও উপজেলা কমিটি, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা এবং ইউডিএফ, কয়রা, খুলনা।</td></tr>
<tr><td></td><td></td><td>(ঙ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)" এর আওতায় ২০২১-২২ অর্থবছরে ১টি অবকাঠামো উপ-প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত হয়েছে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ১) খাবার পানির সংকট দূরীকরণে</td><td>(ঙ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপ-প্রকল্প যথাযথ ও সঠিক ভাবে বাস্তবায়ন হওয়ায় খাবার</td><td>প্রকল্প সংশ্লিষ্ঠ বিভাগ ও উপজেলা কমিটি, উপজেলা</td></tr>
</table>

চলমান পাতা-০২

<table>
<tr><td></td><td></td><td>২৩টি শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্ট প্লান্ট স্থাপন কাজের উপ-প্রকল্পের ঠিকাদার মার্স বিল্ডার্স, বোয়ালমারী, ফরিদপুর কর্তৃক সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার কর্তৃক সম্পন্নকৃত প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত হারে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঠিকাদার কর্তৃক বাস্তবায়নকৃত বিল ঃ ৪০,২২,৩৪৬/-<br>৭.৫% হারে ভ্যাট কর্তন ঃ ৩,০১,৬৭৬/-<br>৩% হারে আয়কর কর্তন ঃ ১,২০,৬৭০/-<br>ভ্যাট ও আয়কর বাদে নীট দেয় ঃ ৩৬,০০,০০০/-</td><td>পানির সংকট দূরীকরণে ২৩টি শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্ট প্লান্ট স্থাপন কাজের উপ-প্রকল্পের চুড়ান্ত বিল বাবদ ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকা মাত্র বিলটি ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পরিষদ, কয়রা, খুলনা এবং ইউডিএফ, কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভার জানান হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার , কয়রা, খুলনা জানুয়ারি/২০২৪ মাসের তথ্য সভার উপস্থাপন করেন চলতি বোরো মৌসুমে বোরো বীজতলা ও রোপন কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমে বোরো বীজতলা সহ সরিষা গম, ভূট্টা, সূর্যমুখী, পেঁয়াজ ও শীতকালীন সবজি রোপন ও বপন চলমান। এছাড়া বিভিন্ন প্রকল্প ভুক্ত প্রদর্শনী স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ০.০৫ শতাংশ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br>জৈব সারের উৎপাদন বৃদ্ধির জন্য ১০ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৩টি গ্রুপ তৈরি করা হয়েছে। পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৫০টি কৃষিকথা বই বিতরন করা হয়। সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ২৩ কৃষকের নমুনা প্রেরন করা হয়েছে।<br>কৃষক প্রশিক্ষন ও উঠান বৈঠকের মাধ্যমে ২৫০ জন কৃষকের প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৫১০ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানুয়ারি/২০২৪ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>চলতি মাসে</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>টিকা প্রয়োগ: গবাদি পশু<br>হাঁস মুরগি</td><td>১,২০০ মাত্রা<br>৩১,০০০ মাত্রা</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিকিৎসা: গবাদি পশু<br>হাঁস মুরগি</td><td>১,৮১৩ টি<br>৮,৭২০ টি</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>কৃত্রিম প্রজনন কার্যক্রম: (এ/আই) কৃত্রিম প্রজননের</td><td>৩৬০</td><td></td></tr>
</table>
তিনি আরও জানান ঋতু পরিবর্তনের পূর্বে ও পরে সতর্কতার সাথে পশুকে পরিচর্যা করার পরামর্শ প্রদান করেন। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ডিসেম্বর/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>সেবার নাম</th><th>মোট</th></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৬৪৯ জন</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

চলমান পাতা-০৩

| | |
|---|---|
| গ্রহণকারী | ৩৩,২৪৩ জন |
| সি এ আর | ৭৬.১৪% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০১ জন ও মহিলাঃ ০১ জন সর্বমোটঃ ০২ জন। |
| আই ইউ ডি | নতুন ১৫ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ১১৯ জন |
| ইনজেকটেবলস | ৪,২৫৯ জন |
| খাবার বড়ি | ২১,১৭৭ জন |
| কনডম | ২,০৯১ জন |
| মা ও শিশু স্বাস্থ্য সেবা | |
| গর্ভবতীর সংখ্যা | ১৭১৫ জন |
| এএনসি | ২৫৯ জন |
| পিএনসি | ৩০ জন |
| ডেলিভারি | UH&FWC : ০২ জন ও সিএসবিএ কর্তৃক: ০২ জন সর্বমোট: ০৪ জন। |
| জীবিত জন্ম | ০৪ জন |
| মাতৃমৃত্যু | ০ জন |
| শিশু মৃত্যু | ০ জন |
| শিশু স্বাস্থ্য সেবা | |
| কেন্দ্র | ৬১১ জন |
| কেন্দ্রের বাহিরে | ৭২ জন |
| সাধারণ রোগী | ২৯৯৮ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, কয়রা উপজেলায় ১৪২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষের জন্য নতুন বই বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের ২০২৪ সালের নতুন বই শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের কাজ চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানুয়ারি/২০২৪ মাসের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। | -- | -- |

০১. আর্থ-সামাজিক কার্যক্রম সমূহ:

| ক্র:নং | খাতের নাম | বিনিয়োগের পরিমাণ | পুন বিনিয়োগের পরিমাণ | আদায়কৃত |
|---|---|---|---|---|
| ১ | আর এস এস | -- | ১,৫০,০০০/- | ৩,৬৭,৪০৪/- |
| ২ | আর এম সি | -- | -- | ৮৬,৬২৫/- |
| ৩ | দুগ্ধ ও প্রতিবন্ধী | -- | -- | ১৩,৭৫০/- |

০২. সামাজিক নিরাপত্তা কার্যক্রম সমূহ:

| ক্র:নং | ভাতার নাম | মোট ভাতাভোগী | পে রোল প্রদান ১ম কিস্তি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বয়স্ক ভাতা | ১২,৬৪১ জন | ১২,৫৬৪ জন | |
| ২ | বিধবা ভাতা | ৫,১২০ জন | ৫,১১৮ জন | |
| ৩ | প্রতিবন্ধী ভাতা | ৩,৭৪৭ জন | ৩,৭৪৩ জন | |
| ৪ | অনগ্রসর বিশেষ বয়স্ক ভাতা | ৪০ জন | ৩৯ জন | |
| ৫ | হিজড়া বিশেষ বয়স্ক ভাতা | ০৪ জন | ০ জন | |
| ৬ | প্রতিবন্ধী শিক্ষা | ১৯৯ জন | ৭৫জন | |

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td></td><td>উপবৃত্তি</td><td></td><td></td><td></td></tr><tr><td>৭</td><td>অনগ্রসর জনগোষ্ঠির শিক্ষা উপবৃত্তি</td><td>৪৪ জন</td><td>৪৪ জন</td><td></td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৮৯ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্নায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭১,৪৯৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৩১৪/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৪র্থ ধাপের) ৪৪ টি গভীর নলকূপ ও ১৩৮ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর স্থাপন কাজ চলমান রয়েছে। পাইকগাছা কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পে ১৭৫০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং, ২৫০ টি গভীর নলকূপ ০৪ টি পাবলিক টয়লেট এর কাজ শেষ পর্যায়ে। উপকূলীয় অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে ১১৭০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান রয়েছে। ৪র্থ ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজে ৯৬ টি রেইনওয়াটার হার্ভেস্টিং ও ১ টি গভীর নলকূপ স্থাপন কাজের কার্যাদেশ হয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>অনুপস্থিত।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জানুয়ারি/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<table><tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr><tr><td>প্রশিক্ষণ</td><td>০</td><td>২৭০</td><td>৯০৬৮ জন</td><td>--</td></tr><tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>৪৮০০০০/-</td><td>১২৭০০০০/-</td><td>২,১০,৮১,৫০০/-</td><td>--</td></tr><tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>৪২,৪০,০০০/-</td><td>--</td></tr><tr><td>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr></table></td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ঋণ আদায় হার | ৯৫% | ৯৫% | ৯৭% | -- |
| আত্মকর্মীর তথ্য | ১২ | ৩৩ | ৩৫০৯ জন | -- |
| যুব সংগঠন নিবন্ধন | ০ | ০ | ১৩ টি | -- |
| জোরদারকরণ প্রকল্প | ০ | ০ | ৩,২৫,০০০/- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জানুয়ারি/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন: শেয়ার আদায় ৩,০০০/- টাকা, সঞ্চয় আদায় ২,১৩,০০০/- টাকা, ঋণ আদায় ৫০,৬৪,০০০/- টাকা, ঋণ বিতরণ ৪১,৮২,০০০/- টাকা, ঋণ গ্রহণকারী পুরুষ ০৬ জন ও মহিলা ১৩১ জন, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৮০,৭১,০০০/- টাকা, মাঠে ঋণ পাওনা ৫,১০,৩২,০০০/- টাকা। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলায় করাতকল ১৪টির মামলা চলমান। বাকি করাতকল গুলির আইনের আওতায় আনার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরও জানান কয়রা উপজেলার শাকবাড়িয়া এলাকায় পানি উন্নয়ন বোর্ডের বেড়ীবাঁধ নির্মাণ কাজ চলমান। উক্ত বেড়ীবাঁধ নির্মাণের ফলে সামাজিক বন বিভাগের গাছ ক্ষতিগ্রস্থ হচ্ছে। গাছগুলি উপকারভোগীরা রক্ষণাবেক্ষণ করেছেন। ঠিকাদারকে গাছ নষ্ট না করার জন্য অনুরোধ করা হয়েছে এবং কিছু ক্ষতিগ্রস্থ গাছ উপকারভোগীর জিম্মায় রাখার জন্য বলা হয়েছে। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগের নির্দেশনা পাওয়ার পর যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় জানায়। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের ১৯৩ টি সমিতি, সদস্য ৮৫৮২ জন। আদায়ের হার ৭০%। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ২,৪৯,২৬,০০০/- (দুই কোটি উনপঞ্চাশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা নারী উদ্যোক্তার মধ্যে ১৪,৯০,০০০/- (চৌদ্দ লক্ষ নব্বই হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৩৬,৯০,০০০/- (ছত্রিশ লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৭%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯০/- |
| ০৫. | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৭/- |

| | | |
|---|---|---|
| ০৬. | উপজেলা পরিষদ মালীর ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বিল। | ১০,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর ডিসেম্বর/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,১৬৭/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০১/২০২৪

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪- ৩১ (৪৫)

তারিখঃ ১৮-০১-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য.................................,কয়রা, খুলনা।

১৮/০১/২৪

মোঃ কামাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd